গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
ই-৭, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.dip.gov.bd

স্মারক নং- ৫৮.০১.০০০০.১০১.৪৭.৫৪৩.২০২০. ২৩৭৫

তারিখঃ ১৫ আষাঢ় ১৪৩২
২৯ জুন ২০২৫

## অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ বাদশা খান, ড্রাইভার, প্রধান কার্যালয়, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা (সংযুক্তঃ বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, খুলনা) এর বিরুদ্ধে 'অসদাচরণ' এর অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমতে 'অসদাচরণ' এর দায়ে বিভাগীয় মামলা নম্বর ১০/২০২৫ রুজুপূর্বক অধিদপ্তরের ২৩/০৩/২০২৫ খ্রিঃ তারিখের ৫৮.০১.০০০০.১০১.৪৭.৫৪৩.২০২০.৭২০ নম্বর স্মারকমূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মচারী গত ১৩/০৪/২০২৫ খ্রিঃ তারিখে উক্ত অভিযোগনামায় বর্ণিত অভিযোগের বিষয়ে লিখিত জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন; এবং

যেহেতু, অভিযুক্তের আবেদনের প্রেক্ষিতে গত ২৮/০৪/২০২৫ খ্রিঃ তারিখে ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়; এবং

যেহেতু, ব্যক্তিগত শুনানিতে তার বক্তব্য, দাখিলকৃত জবাব, নথিপত্র পর্যালোচনা এবং তার চাকরিকাল ইত্যাদি পর্যালোচনায় গুরুত্ব বিবেচনায় 'লঘুদণ্ড' আরোপ যুক্তিযুক্ত মর্মে প্রতীয়মান হয়;

সেহেতু, জনাব মোঃ বাদশা খান, ড্রাইভার, প্রধান কার্যালয়, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা (সংযুক্তঃ বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, খুলনা)-এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে দোষী সাব্যস্ত করে অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় একই বিধিমালার ৪(২) এর (ঘ) বিধি মোতাবেক আদেশ জারীর তারিখ হতে ০৩(তিন) বছরের জন্য 'বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ' লঘুদণ্ড প্রদান করা হলো। জনাব মোঃ বাদশা খান, ড্রাইভার-এর বর্তমান বেতন স্কেল ১৫তম গ্রেড (৯৭০০-২৩৪৯০) এবং মূল বেতন ১১,৮১০/- টাকা। অবনমিত ধাপে তার মূল বেতন হবে ৯,৭০০/- টাকা।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**স্বাক্ষরিত/-**
**মেজর জেনারেল মোঃ নূরুল আনোয়ার**
বিএসপি, এসজিপি, এনডিসি, এইচডিএমসি, এএফডব্লিউসি, পিএসসি, জি
মহাপরিচালক।

স্মারক নং- ৫৮.০১.০০০০.১০১.৪৭.৫৪৩.২০২০. ২৩৭৫

তারিখঃ ১৫ আষাঢ় ১৪৩২
২৯ জুন ২০২৫

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ**

১। সিনিয়র সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক (প্রশাসন ও অর্থ)/(পাসপোর্ট, ভিসা ও পরিদর্শন)/(ডাটা এন্ড পার্সোনালাইজেশন সেন্টার)/(পরিকল্পনা ও উন্নয়ন), ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
৩। সিস্টেম এনালিস্ট, ডাটা এন্ড পার্সোনালাইজেশন সেন্টার, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা (এই আদেশটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৫। পরিচালক/উপপরিচালক/সহকারী পরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস/আঞ্চলিক পাসপোর্ট অফিস, ............ (সকল)।
৬। উপপরিচালক, .............................. শাখা, প্রধান কার্যালয়, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা (সকল শাখা প্রধান)।
৭। মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
৮। সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৯। সহকারী পরিচালক (প্রশাসন), প্রধান কার্যালয়, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা (**এই আদেশটি আবশ্যিকভাবে বর্ণিত কর্মচারীর চাকুরি বহিতে যথাযথভাবে লিপিবদ্ধকরণের অনুরোধসহ**)।
১০। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (মাসব্য ও অর্থ)/(পাসপোর্ট, ভিসা ও ইমিগ্রেশন), ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
১১। জনাব মোঃ বাদশা খান, ড্রাইভার, প্রধান কার্যালয়, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা (সংযুক্তঃ বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, খুলনা)।
১২। সংশ্লিষ্ট নথি।

২৯/০৬/২০২৫
(মোছাঃ তাজমা খাতুন)
সহকারী পরিচালক (গোপনীয়)
মহাপরিচালকের পক্ষে।
adadmin@passport.gov.bd